

১৩/১০/২০১৯ খ্রি: তারিখে বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত 'নৈতিকতা কমিটির' সভার কার্যবিবরণীঃ

সভাপতি: মোল্লা মোহাম্মদ নিয়ামুল বাসার

উপ-নিবন্ধক (প্রশাসন),

বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।

স্থান: বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট।

তারিখ: ১৩/১০/২০১৯ খ্রি:।

সময়: সকাল ১১:৩০ ঘটিকা, উপস্থিতি: (পরিশিষ্ট-ক)

বিগত ১৩/১০/২০১৯ খ্রি: রোজ রবিবার সকাল ১১:৩০ ঘটিকায় বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত 'নৈতিকতা কমিটির' সভা জনাব মোল্লা মোহাম্মদ নিয়ামুল বাসার, উপ-নিবন্ধক (প্রশাসন), বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট এর কর্মকর্তা- কর্মচারীগণ উপস্থিত ছিলেন। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণীর উপর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	জাতীয় শুদ্ধাচার ২০১৯-২০২০ এর অগ্রগতি নিয়ে আলোচনা;	সভায় জাতীয় শুদ্ধাচার এর ২০১৯-২০২০ অর্থ বছরের অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং কিছু কিছু সূচকের অগ্রগতি কম থাকায় তা দ্রুততম সময়ের মধ্যে শেষ করার পরামর্শ প্রদান করা হয়। সুশাসন নিশ্চিত করা এবং সংশ্লিষ্ট সকলকে দায়িত্বশীল হয়ে কাজ করার পরামর্শ প্রদান করা হয়। নিয়মিত ওয়েব সাইটে ও অফিসিয়াল ফেইসবুক পেইজ এ তথ্য আপলোড করতে পরামর্শ প্রদান করা হয়। নিয়মিত কার্যালয়ের পরিষ্কার পরিচ্ছন্নতা বজায় রাখা, কর্মকর্তা-কর্মচারীদের নিয়মিত অফিসে উপস্থিতি নিশ্চিত করা, শৃঙ্খ আচরণ চর্চা করা, পরস্পর সহমর্মিতা বজায় রাখা, নিচের রুমে দর্শনার্থী বসার স্থান পুন:নির্ধারণ, কাগজ-কলম সংরক্ষণ, অভিযোগ বাকসো স্থাপন, পানির ফিল্টার, গ্লাস রাখার বিষয়ে পুনরায় সিদ্ধান্ত গৃহীত হয়।	০১। জাতীয় শুদ্ধাচার ২০১৯-২০ ও জুলাই-সেপ্টেম্বর ত্রৈমাসিকের অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং কিছু সূচকের অগ্রগতি কম থাকায় তা দ্রুততম সময়ের মধ্যে শেষ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট নথি উপস্থাপনকারী/ তথ্য আপলোডকারী (পরিদর্শকগণ)।
০২	দর্শনার্থী বসার স্থান ও হেল্প - ডেস্ক এর দায়িত্ব পুন:নির্ধারণ;	দর্শনার্থী বসার স্থান পুন:নির্ধারণ, কাগজ-কলম সংরক্ষণ, অভিযোগ বাকসো স্থাপন, পানির ফিল্টার, গ্লাস রাখার বিষয়ে পুনরায় সিদ্ধান্ত গৃহীত হয়।	০২। দর্শনার্থী বসার স্থান পুন: নির্ধারণ, কাগজ-কলম সংরক্ষণ, অভিযোগ বাকসো পুন: স্থাপন, পানির ফিল্টার, গ্লাস ইত্যাদি রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব সেলিম আহমদ চৌধুরী, প্রধান সহকারী।
০৩	হেল্প -ডেস্ক এর দায়িত্ব প্রদান।	হেল্প -ডেস্ক এর দায়িত্ব পালনকারী জনাব কবির হোসেন সরকার, উচ্চমান সহকারী, স্বেচ্ছায় অবসরের আবেদন করায় তাঁর পরিবর্তে হেল্প -ডেস্ক এর দায়িত্ব পালন করার জন্য জনাব উম্মে হানী, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিককে প্রদান করার প্রস্তাব নিয়ে আলোচনা হয়।	০৩। হেল্প -ডেস্ক এর দায়িত্ব জনাব উম্মে হানী, অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিককে প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।	জনাব উম্মে হানী, অফিস সহকারী কাম- কম্পিউটার মুদ্রাক্ষরিক।
০৪	ইউনিফর্ম পরে অফিসে আসা।	সকল অফিস সহায়কগণকে ইউনিফর্ম পরে অফিসে আসার বিষয়ে আলোচনা করা হয়।	০৪। সকল অফিস সহায়কগণকে ইউনিফর্ম পরে অফিসে আসার সিদ্ধান্ত গৃহীত হয়।	এ কার্যালয়ে কর্মরত অফিস সহায়ক (সকল)।
০৫	আইডি কার্ড বিতরণের	জরুরি ভিত্তিতে এ কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য আইডি কার্ড বিতরণের ব্যবস্থা করতে পুনরায় প্রধান সহকারীকে দায়িত্ব দেয়া হয়।	০৫। এ কার্যালয়ের কর্মকর্তা- কর্মচারীগণকে আইডি কার্ড বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান সহকারী।
০৬	জাতীয় শুদ্ধাচার এর ১ম ত্রৈমাসিকের প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন;	তাছাড়া জাতীয় শুদ্ধাচার ২০১৯-২০২০ এর জুলাই- সেপ্টেম্বর ত্রৈমাসিকের প্রতিবেদন পর্যালোচনা করা হয়।	০৬। জাতীয় শুদ্ধাচার ২০১৯-২০২০ (জুলাই-সেপ্টেম্বর) ত্রৈমাসিকের প্রতিবেদন পর্যালোচনা ও অনুমোদন প্রদান করা হয়।	'নৈতিকতা কমিটি' বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(এস. এম. জারিকুজ্জামান)

যুগ্ম-নিবন্ধক

বিভাগীয় সমবায় কার্যালয়

সিলেট।

jr\_sylhet@yahoo.com

স্মারক নং- ৪৭.৬১.০০০০.৩০১.০৫.০০৬.১৯-১৭৫৬/১০

তারিখ: ১০/১০/২০১৯খ্রি।

কাযার্থে:

বিতরণ: (জৈষ্ঠতার ভিত্তিতে নহে)।

০১। উপ-নিবন্ধক (প্রশাসন), বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট ও সদস্য, জাতীয় শূদ্ধাচার

কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটি, বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট।

০২। উপ-নিবন্ধক (বিচার), বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট।

০৩। সহকারী নিবন্ধক (প্রশাসন), বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট ও সদস্য সচিব, জাতীয় শূদ্ধাচার


কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটি, বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট।

০৪। সহকারী নিবন্ধক (সমিতি), বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট ও সদস্য, জাতীয় শূদ্ধাচার

কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত কমিটি, বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট।

০৫। জনাব....., বিভাগীয় সমবায় কার্যালয়,

সিলেট বিভাগ, সিলেট।



যুগ্ম নিবন্ধক  
বিভাগীয় সমবায় কার্যালয়  
সিলেট।